



বাংলাদেশ ব্যাংক
(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।

ডেট ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট

ডিএমডি সার্কুলার লেটার নং- ০৫/২০২৫

০৮ মাঘ, ১৪৩১

তারিখ: -----

২২ জানুয়ারি, ২০২৫

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

প্রিয় মহোদয়,

বিনিয়োগকারীদের অনুকূলে সুকুক বরাদ্দ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে ২৭ আগস্ট ২০২৩ তারিখের ডিএমডি সার্কুলার লেটার নং-০৬ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

- ০২। সূত্রোক্ত সার্কুলার লেটারের মাধ্যমে বিনিয়োগকারীদের অনুকূলে বিভিন্ন শ্রেণিতে সুকুক বরাদ্দের শতকরা হার এবং সুকুক বরাদ্দের পদ্ধতি সংক্রান্ত নির্দেশনা প্রদান করা হয়।
- ০৩। এক্ষণে, আপনাদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সুকুক ইস্যুর ক্ষেত্রে বিনিয়োগকারীদের অনুকূলে নিম্নোক্তভাবে সুকুক বরাদ্দ প্রদান করা হবে:

শ্রেণি	বিনিয়োগকারীদের ধরণ	বিনিয়োগকারীদের অনুকূলে সুকুক বরাদ্দের শতকরা হার
১.	শরীয়াহভিত্তিক ব্যাংক/ফাইন্যান্স কোম্পানি/বীমা কোম্পানি	ইস্যুতব্য সুকুকের ৭০%
২.	কনভেনশনাল ব্যাংকসমূহের ইসলামিক ব্রাঞ্চ ও উইডোজ	ইস্যুতব্য সুকুকের ১০%
৩.	ব্যক্তি পর্যায়ের বিনিয়োগকারী, প্রভিডেন্ট ফান্ড, ডিপোজিট ইন্সুরেন্স প্রভৃতি	ইস্যুতব্য সুকুকের ২০%

০৪। এতদ্ব্যতীত ২৭ আগস্ট ২০২৩ তারিখের ডিএমডি সার্কুলার লেটার নং-০৬ এর অন্যান্য নির্দেশনা অপরিবর্তিত থাকবে।

০৫। এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(ইস্তেকমাল হোসেন)

পরিচালক (ডিএমডি)

ফোন: ৯৫৩০১৩১

ইমেইল: istekmal.hussain@bb.org.bd